

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মইই উইং

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১১৪.২০১৬-১১৬

তারিখ : ১২ জানুয়ারি, ২০১৭

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটি গঠন ও পরিবীক্ষণ ছকে তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র : ১। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখার স্মারক নং-০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৬ ও ৫৯৭ তারিখ : ১১ ডিসেম্বর, ২০১৬।

২। স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০৫.০০৪.২০১৬-২২১৬, তারিখ : ২৯ ডিসেম্বর, ২০১৬

৩। স্থানীয় সরকার বিভাগের মইই উইং শাখার স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৮২.২০১৬-১৬০, তারিখ : ০২ জানুয়ারি, ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ১নং স্মারকনুসারে উল্লেখ করা হয়েছে যে, “ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় অধিদপ্তর/সংস্থার কোন কোন কার্যালয়ে ইতোমধ্যে নৈতিকতা কমিটি গঠিত হলেও অধিদপ্তর/সংস্থার সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়নি”। কমিটির গঠন/কাঠামো এবং কমিটির কার্যপরিধি এর বিবরণ উক্ত পরিপত্রে উল্লেখ করা হয়েছে। সে অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে বর্ণিত ০২ ও ০৩ স্মারকনুসারে অনুরোধ করা হয়েছে। কিন্তু এ বিষয়ে সংস্থা পর্যায়ে কিছু জটিলতা লক্ষ্য করা যাচ্ছে। উক্ত জটিলতা নিরসনের লক্ষ্যে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত পরিপত্রের ব্যাখ্যা নিম্নরূপ :


ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় ইতোপূর্বে যে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে তা বর্তমান পরিপত্রের আলোকে পুনঃগঠনের প্রয়োজন হলে তা করতে হবে; অথবা পুনঃগঠনের প্রয়োজন না হলে পরিপত্রের আলোকে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে মর্মে অবহিত করতে হবে।

খ) পুনঃগঠিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান করে কার্যবিবরণী প্রেরণ করতে হবে। এরূপ সভা বছরে অন্তত ০৪ বার করতে হবে।

গ) সকল অধিদপ্তর/সংস্থার আওতাধীন সকল কার্যালয়ে একইভাবে নৈতিকতা কমিটি গঠনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

ঘ) আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ ০৩ মাস অন্তর অন্তর পরিবীক্ষণ ছকে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশন করে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। তবে আঞ্চলিক কার্যালয়ের ক্ষেত্রে তথ্যাদি সংগ্রহপূর্বক দপ্তর/সংস্থার প্রধানগণ উক্ত তথ্যাদি সংরক্ষণ করে মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।

এমতাবস্থায়, উপরিউক্তভাবে ব্যবস্থা গ্রহণপূর্বক নিয়মিত নৈতিকতা কমিটির কার্যবিবরণী ও পরিবীক্ষণ ছকে তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


এ.বি.এম. আরশাদ হোসেন
পরিচালক (অতিরিক্ত সচিব)
স্থানীয় সরকার বিভাগ

ও

ফোকাল পার্সন, এনআইএস

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী)।
- ০২। প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, ঢাকা। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ আব্দুল হালিম খান, নির্বাহী প্রকৌশলী)।
- ০৩। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ আবদুল খালেক, উপ পরিচালক)।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব আবদুল মান্নান মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী)।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব স্বপন কুমার মন্ডল, ডিএমডি)।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ সাদেকুল ইসলাম, সচিব)।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ সামসুদ্দোহা, সচিব)।
- ০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব সিরাজুল ইসলাম, প্রধান নগর পরিকল্পনাবিদ)।
- ০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ আবুল হাসনাত, নির্বাহী প্রকৌশলী)।
- ১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব আশেক রসুল চৌধুরী টিপু, উপসচিব)।
- ১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মুঃ গোলাম মুর্শেদ, নির্বাহী প্রকৌশলী, পরিঃ)।
- ১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব বদরুল হক, সচিব)।
- ১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ ইমতিয়াজ মাহমুদ জুয়েল, নির্বাহী ম্যাজিস্ট্রেট)।
- ১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ মাহমুদর রহমান হাবিব, সচিব)।
- ১৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ নজরুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ)।
- ১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব মোঃ মাস্টিনউদ্দিন চিশতি, সহকারী প্রকৌশলী)।
- ১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব তাসাতুজ্জামান, শিক্ষা অফিসার)।
- ১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন। (দৃ: আ: ফোকাল পয়েন্ট, জনাব আসলাম হোসেন, সচিব)।
- ১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা/সহকারী পরিচালক, মশক নিবরণী দপ্তর।

২০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)